Asylum Advice

স্ক্রিনিং ইন্টারভিউ-এর পূর্বে

অধ্যায় 2: স্ক্রিনিং ইন্টারভিউ-এর পূর্বে

2.1 অ্যাসাইলাম স্ক্রিনিং-এর ভূমিকা

হোম অফিস বয়স, অক্ষমতা, জাতিসত্ত্া, জাতীয়তা, বর্ণ, লিঙ্গ, ধর্ম বা বিশ্বাস নির্বিশেষে আপনার সাথে সম্মান, মর্যাদা, সততার সাথে ব্যবহার করতে প্রতিজ্ঞাবদ্ধ।

ইউনাইটেড কিংডম ভিসা এবং ইমিগ্রেশন (ইউকেভিআই) (United Kingdom Visas and Immigration (UKVI), হোম অফিসের একটা বিভাগ এবং ইউনাইটেড কিংডম (ইউকে) সরকারের অংশ, যাদের দায়িত্ব আপনার ক্লেইম বিবেচনা করে সিদ্ধান্ত নেয়া যে আপনার নিজ দেশে আপনার জন্য সত্যি কোন বিপদ আছে কিনা এবং আপনার ইউকে-তে আন্তর্জাতিক আশ্রয়ের প্রয়োজন আছে কিনা।

অ্যাসাইলাম পদ্ধতির অনেকগুলো ধাপ আছে এবং কতটা সময় লাগবে তা নির্ভর করবে আপনার পরিস্থিতির উপর, কিন্তু আপনার কেসের ব্যাপারে সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত আপনাকে ইউকে থেকে বের করে দেওয়া হবে না।

প্রথম ধাপটি হচ্ছে সাধারণত আপনার অ্যাসাইলাম ক্লেইম করার পর আপনার স্ক্রিনিং ইন্টারভিউ নেওয়া। স্ক্রিনিং ইন্টারভিউ-এর উদ্দেশ্য হচ্ছে আপনার পরিচয়, কীভাবে আপনি ইউকে-তে এসেছেন তা জানা আর আপনার বিশেষ কিছুর প্রয়োজন আছে কিনা তা নির্ধারণ করা।

আপনাকে সাধারণত স্ক্রিনিং-এর সময়ে শুধুমাত্র সাধারণ কিছু প্রশ্নের উত্তর দিতে হবে। আপনার প্রকৃত (সাবসটেন্টিভ) ইন্টারভিউ (আসল অ্যাসাইলাম ইন্টারভিউ) নেওয়া হবে এর কিছুদিন পরে। প্রকৃত ইন্টারভিউ-এর সময়ে আপনাকে বুঝিয়ে বলতে হবে কেন আপনি এবং আপনার পরিবার ইউকে-তে অ্যাসাইলাম ক্লেইম করতে চান, এবং কেন আপনাদের নিরাপত্তার প্রয়োজন। অ্যাসাইলাম স্ক্রিনিং পদ্ধতিটি হচ্ছে অ্যাসাইলাম ক্লেইমের অনুরোধকে রেজিস্টার করা, আপনার সকল ব্যক্তিগত তথ্যকে রেকর্ড করা এবং আপনাকে আপনার অবস্থা সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা দিতে বলার জন্য। আপনাকে জিজ্ঞেস করেই নির্ধারণ করা হবে ইন্টারভিউ গ্রহণকারী অফিসার হিসাবে আপনি পুরুষ নাকি মহিলা পছন্দ করছেন। আপনার অ্যাসাইলাম ক্লেইম সম্পর্কে কোন জটিল প্রশ্ন এ পর্যায়ে করা হবে না।

মনে রাখবেন স্ক্রিনিং ইন্টারভিউ-এ যা বলবেন তার সাথে প্রকৃত সাক্ষাৎকার -এর সাথে সামঞ্জস্য আছে কিনা পরবর্তীতে তা খতিয়ে দেখা হবে।

আপনাকে হোম অফিসের সাথে সমস্ত কথা অবশ্যই সত্য ও সততার সাথে বলতে হবে। অ্যাসাইলাম ইনটেক ইউনিট-এ যদি ফোন করে ইন্টারভিউ-এর জন্য অ্যাপয়েন্টমেন্ট নেন তবে সে সময়ে ফোনে কিছু সাধারণ প্রশ্ন জিজ্ঞেস করা হবে, যা আপনি আপনার অ্যাপয়েন্টমেন্ট-এর সময় নিশ্চিত করে নেবার সুযোগ পারেন। আপনার বা আপনার

ডিপেন্ডেন্টদের কোন দুর্বলতা বা তাৎক্ষণিক চাহিদা থাকলে সে ব্যাপারে দয়া করে হোম অফিসকে অবগত করুন।

যদি আপনি অ্যাসাইলাম ইনটেক ইউনিট-এ অ্যাপয়েন্টমেন্ট নিতে চান তবে দয়া করে কল করুন এই নম্বরে: 0208 196 4524। সোমবার থেকে বৃহস্পতিবার, সকাল 9 টা থেকে বিকাল 4.45 টা পর্যন্ত এবং শুক্রবার সকাল 9 টা থেকে বিকাল 4.30 টা পর্যন্ত।

2.2 অ্যাসাইলাম স্ক্রিনিং প্রক্রিয়া

আপনি যদি অ্যাসাইলাম ইনটেক ইউনিট-এ অ্যাসাইলাম-এর আবেদন করেন আর যদি আপনি আপনার ডিপেন্ডেন্টদের মধ্যে কাউকে (যেমন আপনার সঙ্গী বা সন্তানেরা যাদের বয়স 18-এর নিচে)এই অ্যাসাইলাম আবেদনের অংশ হিসেবে চান তবে তাদেরকে অবশ্যই সংগে করে আনবেন। আপনি ডিপেন্ডেন্ট হিসাবে অ্যাসাইলাম-এর আবেদনের অধিকার রাখেন আবার আপনি আলাদা ভাবেও নিজের জন্য আবেদন করতে পারেন, যদি আপনার দেবার মতো আলাদা তথ্য থাকে বিবেচনা করার জন্য।

অ্যাসাইলাম ইনটেক ইউনিট-এ আসার পর আপনাদের রিসেপশনে অপেক্ষা করতে হবে যতক্ষণ না পর্যন্ত ইন্টারভিউ রুমে ডাকা হয়। স্ক্রিনিং-এর জন্য বেশ কয়েক ঘন্টা সময় লাগতে পারে তাই আপনি সম্ভব হলে খাদ্য ও পানীয় সাথে নিয়ে যেতে পারেন। অ্যাসাইলাম ইনটেক ইউনিট-এ পরিবারের সদস্যদের জন্য সুন্দর বন্দোবস্ত আছে যেমন ফ্যামিলি ইন্টারভিউ রুমে আলাদা ভাবে শিশুদের খেলা, ছবি আঁকা, টেলিভিশন দেখার ব্যবস্থা আছে। তদুপরি, আপনি হয়তো চাইতে পারেন আপনিই নিজেই তাদের দেখাশুনা করবেন বা কোন একজন বন্ধুকে আনতে পারেন যিনি আপনাদের বাচ্চাদের দেখাশুনা করতে পারেন।

অ্যাসাইলাম স্ক্রিনিং অনেক ভাগে বিভক্ত। এর মধ্যে অন্তর্ভুক্ত আছে:

- আপনার বায়োমেট্রিক তথ্য গ্রহণ (এতে আপনার ছবি এবং আঙ্গুলের ছাপ নেয়া হয়)। আপনার বায়োমেট্রিক তথ্য সংগ্রহ করে একটা কার্ড-এর উপর সংরক্ষণ করে আপনাকে স্ক্রিনিং-এর সময় দেয়া হবে। একে অ্যাপ্লিকেশন রেজিস্ট্রেশন কার্ড (এআরসি) (Application Registration Card (ARC)) বলা হয়। এটা নিশ্চিত করবে যে আপনি অ্যাসাইলাম ক্লেইম করেছেন এবং আপনি হোম অফিসে আপনার পরিচয় সংক্রান্ত তথ্য দিয়েছেন তা রেকর্ড করবে। যদি আপনাকে ইউকে-তে বসবাস করার অনুমতি দেয়া হয় তবে তা নিশ্চিত করা হবে আপনাকে বায়োমেট্রিক রেসিডেন্সি পারমিট কার্ড দেবার মাধ্যমে যা সকল বিদেশি নাগরিকদের দেয়া হয় যাদের ইউকে-তে বসবাস ও কাজ করার অনুমতি আছে। বায়োমেট্রিক রেসিডেন্সি পারমিট কার্ড ইউকে-তে থাকার অধিকারের জন্য আপনার ইমিগ্রেশনের পরিস্থিতি এবং শর্তাবলীকে নিশ্চিত করে।

- পরিচয় ও নিরাপত্তা পরীক্ষাকরণ

- আপনার বাসস্থানের প্রয়োজন আছে কিনা তা নিশ্চিত করা এবং ইউকে-তে কোথায় আপনার বাসস্থানের বন্দোবস্ত করা হবে এই সিদ্ধান্ত নিতে সহায়তা করার জন্য তথ্য সংগ্রহ করা।

- স্ক্রিনিং ইন্টারভিউ সম্পূর্ণ করার জন্য আপনাকে যে যে প্রশ্ন করা হবে:

- আপনার পরিচয় এবং আপনার পরিবারের বিবরণ সম্পর্কে সাধারণ প্রশ্নাবলী
- কবে কখন আপনাকে হাজিরা দিতে হবে তা নিশ্চিত করা (আরও জানতে রিপোর্টিং সেকশন দেখুন)
- আপনি কীভাবে ইউকে-তে এলেন
- আপনার শারীরিক কোন অসুস্থতা আছে কিনা
- কেন আপনি আপনার দেশ থেকে পালিয়ে এলেন তার একটা সংক্ষিপ্ত ব্যাখ্যা দেওয়া
- আপনি কোন অপরাধে সাজাপ্রাপ্ত কিনা তা জিজ্ঞেস করা হবে যা জাতীয় নিরাপত্তার জন্য জরুরী প্রশ্ন।
- আপনাকে জিজ্ঞেস করেই নির্ধারণ করা হবে প্রকৃত ইন্টারভিউ গ্রহণকারী অফিসার হিসাবে আপনি মহিলা নাকি পুরুষ পছন্দ করছেন।
- আপনি যদি হোমলেস হন তবে আপনি হোম অফিসকে আপনার পারিবারিক প্রয়োজনের কথা জানাবেন। আপনার স্ক্রিনিং ইন্টারভিউ-এর পর হোম অফিস বিবেচনা করবে আপনাকে কোন অস্থায়ী বাসস্থান কেন্দ্রে নেয়া হবে। সিদ্ধান্তটি দারিদ্র্যতার সম্ভাবনার উপর ভিত্তি করে করা হবে। হোম অফিসকে জানাতে হবে আপনার বা ডিপেন্ডেন্টদের কারোর কোন শারীরিক অসুস্থতা আছে কিনা আর;
- যদি আপনার যদি ওষুধ শেষ হয়ে থাকে
- আপনার যদি ডাক্তার দেখানোর প্রয়োজন হয়
- যদি আপনি নির্যাতনের শিকার হন
- আপনি যদি পাচার বা শোষণের শিকার হয়ে থাকেন
- যদি আপনার সন্তানের অন্য কোন বাবা বা মা ইউকে-তে থাকেন
- যদি আপনার কোন সন্তান স্কুলের ফাইনাল পরীক্ষা দিতে থাকে
- যদি আপনি সন্তান সম্ভবা হন

হোম অফিস এই সমস্ত তথ্য নিয়ে পরে সিদ্ধান্ত গ্রহণ করবে কোথায় অস্থায়ী বাসস্থানের বন্দোবস্ত করা হবে। এই বাসস্থানটি হবে একটা অস্থায়ী কেন্দ্রে। আপনার বাসস্থান পছন্দ বা অপছন্দ করার কোন উপায় নাই শুধুমাত্র হোম অফিসই অবস্থা বুঝে ব্যবস্থা গ্রহণ করবে।

একবার আপনার আবেদন রেকর্ড করা হয়ে গেলেই সিদ্ধান্ত নেয়া হবে আপনাকে আটক করে রাখা হবে কিনা। যদি আপনাকে আটক করে রাখা হয় তবে আপনার আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে ডিটেইন ফাস্ট ট্র্যাক (ডিএফটি) (Detain Fast Track (DFT)) পদ্ধতিতে যার অর্থ আপনার আবেদনের জন্য দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা হবে। আপনাকে আটক করা হলে এর কারণ আপনাকে বুঝিয়ে বলা হবে। ডিএফটি পদ্ধতির অংশ হিসাবে আপনি বিনামূল্যে আইনি প্রতিনিধি পাওয়ার সুযোগ পাবেন এবং আপনার অ্যাসাইলাম ক্লেইমের জন্য আপনার সম্পূর্ণ ইন্টারভিউ নেয়া হবে। যদি আপনার অ্যাসাইলাম আবেদন খারিজ হয়, তবে আপনাকে আটকে রাখা হতে পারে যতক্ষণ পর্যন্ত না আপনাকে ইউকে

থেকে বের করে দেয়া হয়। আপনি যদি এই দেশে থেকে (ইন-কান্ট্রি) আপিল করার যোগ্যতা অর্জন করেন, তবে তা আপনার আটক থাকা অবস্থায় করা হবে।

2.3 সততার প্রয়োজন

আপনাকে হয়তোবা আপনার ক্লেইমের কিছু কিছু ব্যাপারে হোম অফিসকে বলতে না বলা হয়েছে বা এমনকি হয়তোবা একটা সম্পূর্ণ ভিন্ন গল্প বলার পরামর্শ দেওয়া হয়েছে। যদি আপনি এমন করেন তবে তা আপনার কেসের জন্য ক্ষতিকারক হবে এবং এটাকে প্রত্যাখ্যানের দিকে নিয়ে যাবে। এটা খুবই জরুরী যে আপনি সত্য কথাই বলবেন।

আপনি যদি বিলম্বিত বা সুযোগসন্ধানী সহ, ভিত্তিহীন বা অবমাননাকর অ্যাসাইলাম ক্লেইম করেন, তবে সেক্ষেত্রে প্রত্যাখ্যাত হবার সম্ভাবনা থাকবে এবং আপনার আবেদনের প্রক্রিয়ার শেষ হবার সাথে সাথেই আপনাকে অপসারণ করা হবে যার জন্য দায়ী থাকবেন আপনিই। কোন কোন ক্ষেত্রে ইউকে থেকে কেবল মাত্র বেরিয়ে যাবার পরই আপিল করা সম্ভব। আপনি যদি আপনার আবেদনের স্বপক্ষে প্রতারণার আশ্রয় নেন বা মিথ্যা কাগজ পত্র ব্যবহার করেন তবে তা ফৌজদারি অপরাধ হিসাবে গণ্য হবে এবং এর জন্য শাস্তি হিসাবে আপনার জেলও হতে পারে।

2.4 আপনার স্ক্রিনিং ইন্টারভিউ-তে কী আশা করতে পারেন

আপনার স্ক্রিনিং ইন্টারভিউ-এর সময় হোম অফিসের আপনার কাছ থেকে শুধুমাত্র কিছু মৌলিক তথ্য নেওয়ার কথা। তাদের আপনার প্রয়োজনের কথাগুলো আমলে নেওয়া উচিত। কীভাবে আপনার ক্লেইমটি নির্ধারণ করা যায় তারা সেটিও মূল্যায়ন করে দেখবেন। উদাহরণস্বরূপ, বলা যায় যদি আপনি এমন কোন দেশ থেকে আসেন যেখানে সুরক্ষার ব্যাপারে কোন সমস্যা নাই, সেক্ষেত্রে আপনার আটক হওয়ার সম্ভাবনা রয়েছে এবং আপনার কেসটি দ্রুত নির্ধারিত হয়ে যাবে (ডিটেইনড ফাস্ট ট্র্যাক, ডিএফটি)। আপনি ইউকে-তে আসার পথে যদি কোন নিরাপদ দেশের উপর দিয়ে আসেন আর এটা যদি সেই দেশের ইমিগ্রেশন অফিসারদের জানা থাকে, তবে আপনার কেস হোম অফিসের থার্ড কান্ট্রি ইউনিট-এ পাঠানো হতে পারে। যার অর্থ হচ্ছে হোম অফিস ঐ দেশের অফিসারদের তাদের ওখানে আপনার অ্যাসাইলাম ক্লেইমের বিষয়টি বিবেচনা করার জন্য বলতে পারে।এর অর্থ হতে পারে সে দেশে আপনাকে ফেরত পাঠিয়ে দেয়া। হোম অফিস এমন সিদ্ধান্তও নিতে পারে যে আপনি এমন দেশ থেকে এসেছেন যেখানে সুরক্ষার সমস্যা রয়েছে সেক্ষেত্রে তারা আপনার কেসটিকে ফাস্ট ট্র্যাক করবে যেন তাড়াতাড়ি আপনাকে শরণার্থীর মর্যাদা দেয়া হয়। হোম অফিস আপনাকে ন্যায্য ভাবে এবং খোলামেলা ভাবে বিবেচনা করবে এবং প্রযোজ্য আইন অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করবে। দয়া করে খেয়াল রাখবেন আপনার স্ক্রিনিং ইন্টারভিউ-এর একটা প্রতিলিপি চাইবার অধিকার আপনার আছে।

2.5 দোভাষী

আপনি প্রয়োজন মনে করলে আপনার জন্য একজন দোভাষী রাখা হবে। যদি আপনি অ্যাপয়েন্টমেন্ট করে থাকেন তবে একজন দোভাষীর উপস্থিত থাকার কথা। আর আপনি যদি সরাসরি (ওয়াক ইন) পরিষেবার মাধ্যমে চলে আসেন তবে দোভাষীর জন্য আপনাকে অপেক্ষা করতে হতে পারে এবং আসার পরই স্ক্রিনিং করা হবে।

আপনার প্রয়োজন হলে হোম অফিস আপনার স্ক্রিনিং ইন্টারভিউ-এর জন্য একজন দোভাষী রাখবেন এবং দোভাষী দায়িত্ব আপনার সমস্ত কথা সঠিক ভাবে ভাষান্তর করে বলা যাতে হোম অফিস সঠিক ভাবে আপনার দেয়া তথ্য রেকর্ড করতে পারে। আপনি আপনার পছন্দ অনুযায়ী পুরুষ বা মহিলা দোভাষীর জন্য অনুরোধ করতে পারেন।

আপনার দেয়া যে কোন তথ্য কঠোর ভাবে গোপনীয় রাখা দোভাষীর দায়িত্ব।

দোভাষী সম্পর্কে যদি কোন উদ্বেগ থাকে - যেমন কথা বুঝতে না পারলে বা অসুবিধা হলে আপনার ইন্টারভিউ গ্রহণকারী অফিসারকে তা জানাবেন। আপনার কেসের ব্যাপারে যে সিদ্ধান্ত হবে বা কেসের ফলাফলের ক্ষেত্রে এটা কোন ভাবেই প্রভাব ফেলবে না।

2.6 কীভাবে অভিযোগ করতে হয়

আপনাকে যে পরিষেবা দেয়া হয়েছে সেটা নিয়ে যদি আপনি সন্তুষ্ট না হন বা অনুভব করেন যে হোম অফিস, দোভাষী বা হোম অফিসের সাথে সম্পৃক্ত অন্য যে কেউ আপনার সাথে আপনার প্রাপ্য সম্মান বা মর্যাদা সহকারে আচরণ করেন নাই, বা আপনি পেশাদার আচরণ নিয়ে উদ্বিগ্ন, সেক্ষেত্রে আপনি অভিযোগ করতে পারেন। এটা খুব জরুরী যে আপনি ঘটনাটি ঘটার সাথে সাথে যত দ্রুত সম্ভব অভিযোগ করবেন। হোম অফিস সাধারণত 3 মাসের বেশি পুরনো কেসের বিরুদ্ধে করা অভিযোগের তদন্ত করে না।

আপনাকে লিখিত ভাবে অভিযোগটি করতে হবে। এটা শুধুমাত্র ইংরেজি বা ওয়েলস ভাষায় করা যাবে। আপনি যদি ইউকে-তে থেকে থাকেন তবে আপনি এটা পাঠাতে পারেন নিম্নলিখিত যে কোন ঠিকানায়:

- ইমেইল: complaints@homeofice.gsi.gov.uk। হোম অফিস সাধারণত ইমেইলে পাঠানো অভিযোগের জবাব দ্রুত দিয়ে থাকে।
- লিখিত ভাবে: UKVI, Complaints Allocation Hub, 11th Floor, Lunar House, Wellesley Road, Croydon, CR9 2BY।

আপনাকে নিম্নোক্ত বিষয়গুলো অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে:

- আপনার পুরো নাম ও যোগাযোগ করার ঠিকানা;
- অভিযোগের পুরো বর্ণনা (সময়, তারিখ ও স্থান সহকারে);
- যে ইউকেভিআই কর্মী বা ঠিকাদার কর্মী আপনার সাথে কাজ করেছিলেন তার নাম এবং পরিচয়দানকারী কোন নম্বর;
- কোন প্রত্যক্ষদর্শী থাকলে তার বিবরণ (যদি সংশ্লিষ্ট হন);
- আপনার হোম অফিসের রেফারেন্স নম্বর।

আপনার অভিযোগ নিয়ে হোম অফিসের কাস্টমার সার্ভিস ইউনিট-এর একজন সদস্য (সিএসইউএস (CSUs)) কাজ করবেন। আপনার অভিযোগ নিয়ে সন্তোষজনক ভাবে এবং যথা সময়ে সমাধান করার দায়িত্ব তাদের। কে আপনার অভিযোগ নিয়ে কাজ করছেন

হোম অফিস তা আপনাকে জানাবে। সাধারণত তারা 20 দিনের মধ্যে তাদের সম্পূর্ণ উত্তর জানিয়ে থাকে। তবে, আপনার অভিযোগে গুরুতর পেশাদারি অসদাচরণের অভিযোগ উল্লেখ থাকলে 12 সপ্তাহের মতো সময় লেগে যেতে পারে, কারণ এক্ষেত্রে একটা নিরপেক্ষ তদন্তের ব্যবস্থা করা হবে। অভিযোগ করাটা কীভাবে আপনার কেস নির্ধারিত হবে তাকে প্রভাবিত করবে না বা কেসের ফলাফলের উপর মারাত্মক প্রভাব ফেলবে না।

এ সম্পর্কে বিশদ জানতে যোগাযোগ করুন: অ্যাসাইলাম অ্যাডভাইস ইউকে-তে 0808 8000 626 নম্বরে।

2.7 আপনাকে যে সব কাগজপত্র অ্যাসাইলাম ইনটেক ইউনিট-এ নিয়ে যেতে হবে

আপনার অ্যাসাইলাম ক্লেইমকে সহায়তা করতে, প্রথম সুযোগেই প্রয়োজনীয় যে সকল কাগজ পত্র পাওয়া যাচ্ছে তা প্রদান করা নিশ্চিত করবেন।

পাসপোর্ট – আপনার পাসপোর্ট ও আপনার যে কোন ডিপেন্ডেন্টের পাসপোর্ট যারা আপনার অ্যাসাইলাম ক্লেইমে অন্তর্ভুক্ত আছে।

ভ্রমণের কাগজ – আপনার সাথে থাকা যে কোন টিকেট বা বোর্ডিং পাসও আপনার নেয়া উচিত।

পুলিস রেজিস্ট্রেশন সার্টিফিকেট – যদি আপনার বা আপনার পরিবারের থেকে থাকে।

অন্য যে কোন পরিচয় পত্র – যেমন আইডেন্টিটি কার্ড, জন্ম/ বিবাহ/স্কুল সার্টিফিকেট, সদস্য পদের কার্ড ইত্যাদি। এগুলো হোম অফিসকে আপনার পরিচয় ও জাতীয়তা নির্ধারণ করতে সাহায্য করবে।

মেডিক্যাল এর কাগজ – আপনার কোন ধরনের শারীরিক অসুস্থতা আছে কিনা এবং আপনি কোন ওষুধ খাচ্ছেন কিনা তা হোম অফিসের বিস্তারিত ভাবে জানা দরকার।

আপনার বাসস্থানের প্রমাণ – যদি আপনি ইতিমধ্যেই ইউকে-তে বসবাস করতে থাকেন, তবে হোম অফিস আপনার বাসস্থানের লিখিত প্রমাণ দেখতে চাইবে, যেমন টেনেন্সি অ্যাগ্রিমেন্ট, কিংবা সাম্প্রতিক ইউটিলিটি বিল (যেমন গ্যাস, ইলেক্ট্রিসিটি, ইত্যাদি) যাতে আপনার নাম এবং ইউকে-এর ঠিকানার ইতিহাসের পুরোটা থাকবে।

যদি আপনি অন্য কারোর সাথে বসবাস করতে থাকেন সেক্ষেত্রে তাদের কাছ থেকে একটা সাম্প্রতিক চিঠি নিয়ে আসবেন যাতে নিশ্চিত করা থাকবে আপনি তাদের বাসায় থাকতে পারবেন কি না, এবং লিখিত প্রমাণ যেমন ইউটিলিটি বিল যাতে বাড়ির মালিকের পুরো নাম এবং ঠিকানা থাকবে।

যদি আপনার অস্থায়ী বাসস্থানের প্রয়োজন হয় সেক্ষেত্রে কেন বর্তমান বাসস্থানে বসবাস করতে পারবেন না এবং নিজে নিজের খরচ চালাতে পারছেন না তার প্রমাণ নিয়ে আসতে হবে। হোম অফিস আপনি ইউকে বা বিদেশ থেকে কোন সহায়তা পাবেন কিনা বা কোন

সম্পদ আছে কিনা সেই ব্যাপারে খোঁজ খবর করবে। হোম অফিস আপনার কাছে থেকে আসল কাগজ পত্র নিয়ে নেবে এবং অ্যাসাইলাম ক্লেইম চলাকালীন সময়ে এগুলো তাদের কাছে রেখে দেবে। আপনি চাইলে তাদের কাছে প্রতিলিপির জন্য অনুরোধ করতে পারেন, কারণ এগুলো কেবলমাত্র কেস সমাপ্ত হবার পরেই আপনার কাছে ফেরত দেয়া হবে।

2.8 বাসস্থান ও অ্যাসাইলাম-এর জন্য সহায়তা

আপনার স্ক্রিনিং ইন্টারভিউ-এর সময় আপনাকে জিজ্ঞেস করা হবে আপনার বাসস্থান এবং সহায়তার দরকার আছে কিনা। তারা পরীক্ষা করে দেখবেন শর্তানুযায়ী আপনি এই সহায়তা নিতে পারেন কি না। এই সহায়তার জন্য আপনার যোগ্যতা আছে কিনা তা মূল্যায়ন করতে হোম অফিস ক্রেডিট চেক এবং অন্যান্য খোঁজ খবর নিয়ে দেখবে।

যদি আপনার বাসস্থান এবং সহায়তার প্রয়োজন হয়:
যদি আপনার বাসস্থানের দরকার হয় সেক্ষেত্রে এটা গুরুত্বপূর্ণ যে আপনি স্ক্রিনিং ইন্টারভিউ-তে আপনার সকল ব্যক্তিগত জিনিসপত্র নিয়ে আসবেন। যদি এটা গৃহীত হয় যে আপনার বাসস্থান প্রয়োজন আছে এবং আপনার নিজের খরচ চালাবার কোন উপায় নাই সেক্ষেত্রে আপনার স্ক্রিনিং ইন্টারভিউ-এর পরে আপনাকে সরাসরি একটা অস্থায়ী ‘প্রাথমিক’ বাসস্থান কেন্দ্রে নিয়ে যাওয়া হবে। এটা অনেক মাইল দূরেও হতে পারে। আপনার যে কোন জরুরী চাহিদা থাকলে আপনি অবশ্যই অফিসারকে জানাবেন, কারণ এটা আপনাকে যে কেন্দ্রে পাঠানো হবে সেটাকে প্রভাবিত করতে পারে। এটা অস্থায়ী আবাসস্থল আর আপনাকে এখানে হয়তোবা 21 দিনের মতো রাখা হতে পারে। তবে, আপনার ব্যক্তিগত পরিস্থিতির উপর নির্ভর করে এটা আরও লম্বা সময়ের জন্য হতে পারে।

এটা গুরুত্বপূর্ণ যে আপনি যদি আপনার খরচ চালাতে সক্ষম না হন, তবে আপনি সেটা হোম অফিসের কাছে প্রমাণ করতেও সক্ষম হবেন। হোম অফিস ইউকে এবং বিদেশ উভয় স্থানেই আপনার অর্থনৈতিক অবস্থার ব্যাপারে খোঁজ খবর নেবে। যদি আপনার নিজেকে চালানোর কোনও একটা উপায়ও থাকে বা আপনার বন্ধু বা আত্মীয় স্বজন আছেন যারা আপনাকে থাকবার জায়গা এবং খাবার দিতে পারবেন সেক্ষেত্রে হোম অফিস আশা করে যে আপনি নিজেই নিজের খরচ চালাবেন।

হোম অফিস আশা করে যে আপনি আপনার এবং আপনার ডিপেন্ডেন্টদের জন্য নিম্নলিখিত প্রমাণাদি দিতে সক্ষম হবেন:

- ব্যাংক স্টেটমেন্ট – ইউকে এবং বিদেশের সকল অ্যাকাউন্টের 6 মাসের। তারা আরও পরীক্ষা করে দেখবেন কোন অর্থ আপনার অ্যাকাউন্ট থেকে স্থানান্তরিত করা হয়েছে কিনা যেখানে এখনও আপনার অ্যাক্সেস আছে
- আপনার কাছে থাকা যে কোন সম্পদের বিস্তারিত বিবরণ – যদি আপনার খরচ মেটাবার জন্য এগুলো বিক্রয় করা যেতে পারে
- যে সব কাজ আপনি ইউকে-তে করেছেন সেই ব্যাপারে তথ্যাদি - P45-এর একটা প্রতিলিপি বা আপনার নিয়োগকর্তার কাছ থেকে একটা চিঠির প্রয়োজন যা নিশ্চিত করবে এটা শেষ হয়ে গেছে এবং কবে শেষ হয়েছে

- আপনার সমস্ত উপার্জন এবং খরচের বিস্তারিত বিবরণ - রসিদ, চুক্তি, কীভাবে এই অর্থ ব্যয় করা হয়েছে তার প্রমাণ
- আপনার মূল্যবান গহনা
- ইউকে বা বিদেশে থাকা সম্পদ - এটা বিক্রি করা যাবে কিনা তা নিশ্চিতকরণ
- আপনি যখন ইউকে-তে প্রবেশ করেন তখন আপনার কাছে কোন অর্থ ছিল কিনা বা এখন আছে কিনা এবং কোথায় আছে এবং এখনও পাওয়া যাবে কিনা
- আপনি ইউকে-তে ভোগ করছেন এমন কোন বেনিফিট - প্রমাণ করুন যে এটা বন্ধ হয়েছে বা কী পরিমাণ পেতেন এবং কত ঘন ঘন এটা পেতেন তা নিশ্চিতকরণ

আপনি প্রাথমিক বাসস্থান কেন্দ্রে আসার সাথে সাথেই, মাইগ্রেন্ট হেল্প (Migrant Help) -এর সদস্য কর্মীরা বিনামূল্যে, স্বতন্ত্র পরামর্শ ও তথ্য প্রদান করার জন্য সেইস্থানেই উপস্থিত থাকবেন। যত তাড়াতাড়ি সম্ভব একটা অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা করা হবে ইউকে ভিসা ও ইমিগ্রেশন অ্যাসাইলাম সাপোর্ট ফরম (এএসএফ১ (ASF1)) সম্পন্ন করার জন্য। দয়া করে সমস্ত ডকুমেন্ট এবং সহায়তাকারী প্রমাণ নিয়ে আসুন।

প্রাথমিক বাসস্থান হোস্টেল টাইপের বাসস্থান এবং এখানে মৌলিক খাবার ও প্রসাধন সামগ্রী প্রদান করা হয়। আপনি প্রাথমিক বাসস্থানে যখন থাকবেন তখন আপনাকে কোন আর্থিক সহায়তা দেওয়া হবে না। স্কটল্যান্ডে প্রাথমিক বাসস্থানে নিজেকেই নিজের খাদ্য যোগান দিতে হয় এবং দাবিদারদের প্রসাধন সামগ্রী এবং খোরাকি বাবদ প্রতিদিন £5 দেওয়া হয়।

যদি আপনার সাহায্যের আবেদন সফল হয় তখন আপনাকে বড় আবাসস্থলে স্থানান্তরিত করা হবে। এটি ইউকে-এর যে কোন স্থানে হতে পারে এবং এখানে আপনার পছন্দ বা অপছন্দ করার কোন সুযোগ নাই। এই জন্য আপনার অবশ্যই বাসস্থান সংক্রান্ত যে কোন সুবিধা অসুবিধার কথা হোম অফিসকে জানানো জরুরি। এটা জরুরি যে আপনি আপনার অ্যাপ্লিকেশন ফরম পূরণ করার সময়েই এ সম্পর্কে জানাবেন নতুবা পরে বাসস্থানটি আপনার উপযোগী নাও হতে পারে।

সাহায্যের আবেদন সম্পন্ন করার সময় দয়া করে অ্যাসাইলাম সাপোর্ট অ্যাপ্লিকেশন কেস ওয়ার্কারের সংগে আপনার সমস্ত প্রয়োজনগুলোর ব্যাপারে আলোচনা করবেন।

বাসস্থান পাবার জন্য অপেক্ষা করা কালীন সময়ে যদি আপনি আপনার কোন বন্ধুর সাথে থাকেন, ঐ সময়ে আপনি কোন আর্থিক সাহায্য পাবেন না যতক্ষণ পর্যন্ত না আপনাকে দীর্ঘ মেয়াদি বাসস্থানে স্থানান্তর করা হয়।

আপনি যদি আপনার বন্ধু বা আত্মীয়দের সাথে থাকেন এবং অন্য কোথাও আপনার বাসস্থান খুঁজে পাবার দরকার হয় সেক্ষেত্রে অ্যাসাইলাম হেল্প-এর সাথে যত তাড়াতাড়ি সম্ভব 0808 8000 626 নম্বরে যোগাযোগ করাটা খুব গুরুত্বপূর্ণ এবং দয়া করে গৃহহীন না হওয়া পর্যন্ত অপেক্ষা করবেন না। যদি আপনি সাময়িক ভাবে কোথাও থাকতে থাকেন সেক্ষেত্রে সেখানে অবস্থান করাটাই সবচেয়ে ভাল যেন হোম অফিস আপনার আবেদন নিয়ে কাজ করা শুরু করতে পারে, আপনার জন্য সবচেয়ে ভালো আবাসস্থল খুঁজে বের করতে পারে এবং এলাকায় ছড়িয়ে দেয়া শুরু করতে পারে।

যদি আপনার বাসস্থানের প্রয়োজন না থাকে:

আপনি যদি আপনার বন্ধু বা আত্মীয়দের সাথে থাকেন তাহলে তাদের সংগে থাকতে কোন সমস্যা নাই তার প্রমাণ আপনাকে দেখাতে হবে। যদি তারা শুধু আপনাকে বাসস্থান দিতে পারে কিন্তু আর্থিক সাহায্য করতে না পারে তবে আপনি আর্থিক সাহায্যের জন্য আবেদন করতে পারবেন (শুধু জীবিকার জন্য)।

যদি আপনার বাসস্থানের প্রয়োজন থাকে:

আপনার বন্ধু বা আত্মীয় খাবার প্রদান করতে পারে অথবা যদি আপনার উপার্জন সীমিত হয়, তাহলে আপনি হোম অফিসে শুধু বাসস্থানের জন্য আবেদন করতে পারেন।

এটা খুব গুরুত্বপূর্ণ যে আপনি অ্যাসাইলাম সাপোর্ট অ্যাপ্লিকেশন ইউকে (Asylum Support Application UK)-এর সাথে যোগাযোগ করবেন সহায়তার আবেদন জমা দেবার জন্য, যদি এটা আপনার প্রয়োজন হয়ে থাকে।

অ্যাসাইলাম সাপোর্ট অ্যাপ্লিকেশান ইউকে - 0808 8000 627
www.asylumhelpuk.org

আপনি যদি শুধুমাত্র জীবিকার সাহায্যের জন্য আবেদন করেন, এবং বন্ধুর সংগে থাকেন, সেক্ষেত্রে আপনার আর্থিক সাহায্য পাবার যোগ্যতা নিরূপণ করার পূর্বে আর্থিক সাহায্য শুরু হবে না।

যদি আপনি অনেক দিন থেকে ইউকে-তে থাকছেন কিন্তু সুযোগ পাওয়ার সাথে সাথে অ্যাসাইলাম ক্লেইম করেন নাই, সেক্ষেত্রে হোম অফিস আপনার সাহায্যের আবেদন প্রত্যাখ্যান করতে পারে।

যদি হোম অফিসের কাছে প্রমাণ করতে না পারেন যে আপনার বসবাসের জন্য যথেষ্ট জায়গা নেই এবং/অথবা জীবন ধারণের প্রয়োজনীয় (খাদ্য ও হিটিং) বস্তু জোগাড় করার অবস্থা নেই বা সহায়তা না দিলে আপনার মানবাধিকার লঙ্ঘন হবে, তাহলে আপনাকে সহায়তা প্রদান প্রত্যাখ্যান করার অধিকার হোম অফিসের আছে।

2.9 কী হবে যদি আমি নিজের দেখাশুনা করতে অক্ষম হই?

হোম অফিস আপনার স্ক্রিনিং ইন্টারভিউ সম্পন্ন করার সময় আপনার প্রয়োজনগুলোর মূল্যায়ন করবে। এরা এমন সিদ্ধান্ত নিতে পারে যে আপনি নিজের দেখাশুনা করতে সক্ষম নন।

এমন হবার কারণ হতে পারে আপনার কোন মারাত্মক অসুস্থতা, শারীরিক অক্ষমতা, শেখার অক্ষমতা, মানসিক সমস্যা অথবা বার্ধক্য জনিত দুর্বলতা। এর যে কোন একটা আপনার জন্য প্রযোজ্য হলে, স্ক্রিনিং-এর পরে আপনাকে সোশ্যাল সার্ভিসের কাছে পাঠানো হতে পারে আপনার কমিউনিটি কেয়ার অ্যাসেসমেন্ট (Community Care Assessment) সম্পূর্ণ করার জন্য। যদি আপনার স্পষ্ট এবং আশু যত্নের প্রয়োজন হয়, সেক্ষেত্রে এই

সম্ভাবনা আছে যে স্থানীয় কর্তৃপক্ষের দায়িত্ব থাকবে আপনাকে সাহায্য করার। এতে বাসস্থান এবং আর্থিক সহায়তা অন্তর্ভুক্ত থাকতে পারে।

যদি আপনার অতিরিক্ত সহায়তার প্রয়োজন হয় কিন্তু স্পষ্ট এবং আশু যত্নের প্রয়োজন না থাকে, সেক্ষেত্রে আপনার দীর্ঘমেয়াদী বাসস্থানের ব্যবস্থা করার পরে একটি কমিউনিটি কেয়ার অ্যাসেসমেন্ট সম্পন্ন করা হবে। এই মূল্যায়নটি নির্ধারণ করবে আপনার অন্য কোন অতিরিক্ত সাহায্যের (উদাহরণস্বরূপ যন্ত্রপাতি) প্রয়োজন আছে কিনা।

যদি আপনাদের বাড়ীতে কোন শিশু থাকে যার স্পষ্ট যত্ন নেবার চাহিদা (ক্লিয়ার কেয়ার নীড) আছে (যেমন গুরুতর শারীরিক অক্ষমতা বা অসুস্থতা) সেক্ষেত্রে এটি স্থানীয় কর্তৃপক্ষের দায়িত্ব যথাযথ পর্যায়ের যত্ন প্রদান করা যখন আপনি অ্যাসাইলাম প্রক্রিয়ার মধ্যে দিয়ে চলবেন। চাইল্ড সার্ভিসে একটি রেফারেল পাঠানোর প্রয়োজন হবে সঠিক সহায়তা প্রদান করা নিশ্চয়তা করার জন্য।

আপনার যদি এই সংক্রান্ত পরামর্শ এবং নির্দেশনার প্রয়োজন হয়, তবে দয়া করে যোগাযোগ করুন:

অ্যাসাইলাম অ্যাডভাইস ইউকে –0808 8000 626

2.10 স্ক্রিনিং-এ দেয়া কাগজ পত্র

অ্যাপ্লিকেশন রেজিস্ট্রেশন কার্ড (এআরসি) (Application Registration Card (ARC))- আপনাকে একটি অ্যাপ্লিকেশন রেজিস্ট্রেশন কার্ড (এআরসি) দেয়া হবে। এই কার্ডটি খুব গুরুত্বপূর্ণ কারণ এর মাধ্যমেই জানা যাবে যে আপনি অ্যাসাইলাম-এর জন্য একটি আবেদন করেছেন। যদি আপনাকে এআরসি দেয়া না হয় তবে আপনাকে একটি স্ট্যান্ডার্ড লেটার অফ একনলেজমেন্ট (এসএএল (SAL)) দেয়া হবে। এতে আপনার ব্যক্তিগত সমস্ত তথ্য এবং ছবি থাকবে এবং আপনি যে অ্যাসাইলাম-এর জন্য আবেদন করেছেন তা নিশ্চিত করবে।

আপনি কখন এবং কোথায় এসএএল এআরসি-এর সাথে বদলাবেন সে ব্যাপারে আপনার একটি পত্র পাওয়ার কথা। যদি আপনি এই অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে কোন তথ্য না পান তবে দয়া করে সেন্ট্রাল ইভেন্টস বুকিং ইউনিট (সিইবিইউ) (Central Events Booking Unit (CEBU))-এ কল করুন 0300 123 2235 নম্বরে – লাইনগুলো সোমবার থেকে শুক্রবার সকাল 9.30 টা থেকে বিকাল 3 টা পর্যন্ত খোলা থাকে।

আপনার এআরসি-তে আপনার ব্যক্তিগত সমস্ত তথ্য এবং ছবি থাকে। এটা পরীক্ষা করা খুবই গুরুত্বপূর্ণ যে আপনার ব্যক্তিগত বিবরণ যা আপনার এআরসি-তে আছে তা সঠিক। আপনার নাম, জন্ম তারিখ এবং মাতৃভূমি সঠিকভাবে রেকর্ড করা হয়েছে কিনা তা আপনাকে নিশ্চিত করতে হবে। একবার রেকর্ড করা হয়ে গেলে তা পরিবর্তন করা কঠিন হবে।

আপনার অবস্থার সাথে সংযুক্ত যে কোন শর্তকে আপনার কার্ড নিশ্চিত করবে। আপনার এআরসি নিশ্চিত করবে আপনার কাজ করার অনুমতি আছে কিনা। আপনার যদি

অ্যাসাইলাম ক্লেইম করার আগে কাজের অনুমতি না থাকে, তবে ক্লেইম করার পরে আপনাকে কাজ করার অনুমতি দেয়া হবে না। এই কার্ড-এ আপনার চাকুরী গ্রহণ করা নিষিদ্ধ বলা থাকবে।

আপনার এআরসি আপনার পরিচয় পত্র নয়, কিন্তু আপনি অ্যাসাইলাম ক্লেইমের সময় যে পরিচিতি দিয়েছেন তার রেকর্ড। আর্থিক সাহায্য গ্রহণের সময়ে আপনার এআরসির প্রয়োজন হবে, যদি আপনি এর যোগ্য হন। আপনার পরিবারের প্রত্যেক সদস্যের জন্য একটি করে এআরসি দেয়া হবে। এটাকে নিরাপদ রাখাটা খুব জরুরী। আপনি যদি একজন আশ্রয় প্রার্থী বা 18 বছর বয়সী ব্যর্থ আশ্রয় প্রার্থী হন এবং আপনার এবং আপনার ডিপেন্ডেন্টদের এআরসি হারিয়ে যায়, চুরি হয় বা ক্ষতিগ্রস্ত হয় তবে দয়া করে অ্যাসাইলাম হেল্প-এর সাথে যোগাযোগ করুন যারা আপনাকে হোম অফিসে রিপোর্ট করতে সাহায্য করবে। যদি আপনার ইউকে-তে স্ট্যাটাস থাকে বা আপনি অপ্রাপ্ত বয়স্ক হন, তবে দয়া করে সরাসরি হোম অফিসে 0300 123 2235 নম্বরে যোগাযোগ করবেন হারিয়ে যাওয়া, চুরি হওয়া বা ক্ষতিগ্রস্ত হওয়াকে রিপোর্ট করতে।

আপনি যদি এআরসি ব্যবহার করে পোস্ট অফিস থেকে সাপ্তাহিক সাহায্য পান, তবে আপনাকে অ্যাসাইলাম সাপোর্ট সেকশনকেও জানাতে হবে। যখন আপনি অ্যাসাইলাম অ্যাডভাইস ইউকে-কে 0808 8000 626 নম্বরে কল করবেন দয়া করে তাদেরকেও এই তথ্য জানাবেন। আপনি দলটির ব্যাপারে বিস্তারিত জানতে পারবেন যারা আপনার সহায়তার ব্যাপারে ডিল করছে, আপনার টাকা এবং হাউজিং সংক্রান্ত হোম অফিসের যে কোন পত্র থেকে। একটি নতুন এআরসি-এর ব্যবস্থা করা কালীন সময়ে তারা জরুরী অর্থের ব্যবস্থা করে আপনার কাছে পাঠাতে পারে। আপনার নতুন এআরসি সংগ্রহ করার জন্য স্থানীয় রিপোর্টিং সেন্টারে একটি অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা করা যেতে পারে। এই অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত হবার জন্য আপনাকে আপনার নিজের যাতায়াতের খরচ দিতে হবে।

আপনার যদি এ সম্পর্কে আরও উপদেশ এবং নির্দেশাবলীর প্রয়োজন হয়ে তবে অ্যাসাইলাম অ্যাডভাইস-এর সাথে যোগাযোগ করতে পারেন 0808 8000 626 নম্বরে।

আপনি আপনার নতুন এআরসি পাওয়ার সাথে সাথেই আপনার এআরসি-এর অধীনে আপনাকে নিয়মিত আর্থিক সহায়তা প্রদানের বন্দোবস্ত করা হবে।.

2.11 রিপোর্টিং-এর প্রয়োজনীয়তা-IS96

আপনাকে হয়তো প্রতি মাস/সপ্তাহের একটি নির্দিষ্ট সময়ে একজন ইমিগ্রেশন অফিসারের কাছে রিপোর্ট করতে বলা হবে। আপনাকে একটি কাগজ দেয়া হবে যার নাম IS96 যা আপনার রিপোর্টিং-এর শর্তাবলীগুলো নিশ্চিত করে এবং ইউকে-তে আপনার আসার পর অস্থায়ী অবস্থায় থাকাকালীন সময়ের বিবরণকে ব্যাখ্যা করে। বেশির ভাগ শরণার্থী যাদেরকে আটক অবস্থায় রাখা হয়নি তাদের সবাইকে কোন একটি রিপোর্টিং কেন্দ্রে বা পুলিশ স্টেশনে রিপোর্ট করতে হয়।

আপনি যদি একজন অ্যাসাইলাম আবেদনকারী হন আর নির্ধারিত রিপোর্টিং সেন্টার থেকে তিন মাইল বা তার চেয়ে দূরে থাকেন এবং হোম অফিস থেকে সহায়তা পান সেক্ষেত্রে রিপোর্ট করার জন্য আপনি হয়তোবা যাতায়াতের টিকেটের জন্য সাহায্য পেতে পারেন।

আপনাকে প্রথম রিপোর্টিং-এর সময় হোম অফিস থেকে সাহায্য পাচ্ছেন সেই প্রমাণ সাথে করে নিয়ে যেতে হবে। তখন আপনাকে একটি টিকেট প্রদান করা হবে যা দিয়ে আপনি রিপোর্ট করতে পারবেন। এটি আপনাকে সাধারণত রিপোর্টিং সেন্টারে দিয়ে দেয়া হবে। বেশির ভাগ ক্ষেত্রে আপনার প্রথম রিপোর্ট করার জন্য খরচ আপনাকেই জোগাড় করতে হবে।

আপনি এই খরচ ফেরত পাবেন না। যতবার আপনি রিপোর্ট করতে আসবেন ততবার আপনাকে আপনার IS96 এবং এআরসি কার্ড দেখাতে হবে (যদি সেটা ইস্যু করা হয়ে থাকে)।

আপনি যদি হোম অফিসের সাহায্য না পান সেক্ষেত্রে ব্যতিক্রমী পরিস্থিতিতে যাতায়াতের টিকিট খরচের জন্য আবেদন করতে পারেন। ইমিগ্রেশন অফিসারের কাছে রিপোর্টিং-এর সময়ে আপনাকে একটি "এক্সসেপশনাল ট্রাভেল রিকোয়েস্ট ফর্ম" (Exceptional travel request form) চাইতে হবে। আপনাকে লিখিতভাবে আর্জি জমা দিতে হবে এবং প্রমাণ করতে হবে যে আপনি যাতায়াত খরচ বহন করতে অক্ষম।

2.12 রিপোর্ট করতে ব্যর্থ হলে

আপনার প্রতিটি রিপোর্টিং-এ উপস্থিত থাকা জরুরী। আপনি কোন কারণে উপস্থিত হতে না পারলে রিপোর্টিং সেন্টারে (IS96-এ নম্বর দেয়া আছে) রিপোর্টিং-এর তারিখের আগেই তা জানাতে হবে এবং অনুরোধ করতে হবে স্থগিত করার জন্য। আপনাকে আপনার আবেদনের পক্ষে অবশ্যই প্রমাণ দিতে হবে। উদাহরণস্বরূপ যদি আপনি শারীরিক অসুস্থতার জন্য রিপোর্টিং-এ যেতে না পারেন তবে মেডিক্যাল প্রমাণ দিতে হবে।

আপনি যদি আপনার গর্ভাবস্থার শেষ তিন মাসে থাকেন তবে শিশু প্রসবের পর পর্যন্ত আপনার রিপোর্টিং স্থগিত করার জন্য বলতে পারেন। আপনাকে আপনার রিপোর্টিং সেন্টারে মেটারনিটি সার্টিফিকেট (MAT B1) নিয়ে যেতে হবে। এটি আপনার ডাক্তার বা হেলথ ভিজিটরের কাছে থেকে নিতে পাবেন। রিপোর্টিং সেন্টারে শিশু প্রসবের পর পর্যন্ত আপনার রিপোর্টিং স্থগিত করতে সক্ষম হবেন। যদি আপনি আপনার রিপোর্টিং-এ উপস্থিত হতে সক্ষম না হন সেক্ষেত্রে এটা গুরুত্বপূর্ণ যে আপনি আপনার রিপোর্টিং সেন্টার বা আপনার আইনি প্রতিনিধির সাথে যোগাযোগ করবেন, যারা আপনাকে এই ব্যাপারে সাহায্য করতে পারে।

2.13 রিপোর্টিং-এর সময় আপনার যেসব কাগজ প্রয়োজন

আপনি যখন রিপোর্টিং সেন্টার-এ যাবেন তখন আপনাকে আপনার IS96 (রিপোর্টিং এর কাগজ) এবং আপনার এআরসি কার্ড নিয়ে যেতে হবে। রিপোর্টিং সেন্টার আপনার এআরসি কার্ড আপডেট করে ইউকে-তে প্রবেশ পরবর্তী রিপোর্টিং পর্যন্ত সমস্ত প্রয়োজনীয় শর্ত সঠিক আছে কিনা তা নিশ্চিত করবে। আপনি যদি রিপোর্ট করতে ব্যর্থ হন অথবা আপনার কার্ড আনতে ভুলে যান তবে আপনার কার্ডে পোস্ট অফিসকে এটা জানিয়ে দেবার জন্য প্রোগ্রাম করা আছে যেন আপনাকে সাহায্য প্রদান না করা হয় যতক্ষণ পর্যন্ত না আপনি রিপোর্টিং সেন্টারের সংগে যোগাযোগ করেন এবং আপনার কার্ড আপডেট না করেন। পোস্ট অফিস একটি কোড 4 ভুলের জন্য একটি রসীদ ইস্যু করবে। আপনি যদি রিপোর্ট করতে ব্যর্থ হন এবং হোম অফিস এর সাথে যোগাযোগ না করেন, তবে আপনার সাহায্য স্থগিত করা

হবে এবং কিছু কিছু ক্ষেত্রে আপনার সাহায্য বন্ধ করা হতে পারে। আপনি অবশ্যই আপনার স্থানীয় রিপোর্টিং সেন্টারে উপস্থিত হবেন যেন আপনি আপনার কার্ড হালনাগাদ করে আপনার সহায়তা পাওয়া অব্যাহত রাখতে পারেন।

2.14 আইনি পরামর্শ

এটা জরুরী যে আপনি যত দ্রুত সম্ভব একজন আইনি পরামর্শ দাতার সংগে যোগাযোগ করবেন।

আইনি পরামর্শদাতা আপনার অ্যাসাইলাম প্রক্রিয়া সম্বন্ধে তথ্য দিয়ে সহায়তা করবেন, আপনার কাগজ পত্র অনুবাদ করতে সাহায্য করবেন এবং হোম অফিসে জমা দেবার জন্য অন্য যে কোন অতিরিক্ত রিপোর্ট জোগাড় করার ব্যবস্থা করবেন।

আপনাকে নিশ্চিত হতে হবে যে আপনার আইনি পরামর্শ দাতা নিম্নোক্ত সংগঠনের যে কোন একটির সাথে নিবন্ধিত:

- যোগ্যতাসম্পন্ন আইনজীবী হিসাবে ল সোসাইটি অফ ইংল্যান্ড অ্যান্ড ওয়েলস (Law Society of England and Wales)-এর সাথে যুক্ত।
- যোগ্যতাসম্পন্ন আইনজীবী হিসাবে ল সোসাইটি অফ স্কটল্যান্ড (Law Society of Scotland)-এর সাথে যুক্ত।
- যোগ্যতাসম্পন্ন আইনজীবী হিসাবে ল সোসাইটি অফ নর্দার্ন আয়ারল্যান্ড (Law Society of Northern Ireland)-এর সাথে যুক্ত।
- অফিস অফ দি ইমিগ্রেশন সার্ভিস কমিশনার (ওআইএসসি) (Office of the Immigration Services Commissioner (OISC))-এর নিবন্ধিত আইনজীবী, যারা 2 বা 3 লেভেলের। 2 বা 3 লেভেলের অর্থ হল এই আইনজীবীরা আপনাকে অ্যাসাইলাম আবেদন সম্বন্ধে পরামর্শ দেবার এবং আপনার সমস্ত অ্যাসাইলাম বিষয়ে আপনার প্রতিনিধিত্ব করার যোগ্যতাসম্পন্ন।
- আপনার সলিসিটরকে আপনার জিজ্ঞেস করা উচিত যে তারা কাদের সংগে নিবন্ধিত। আপনার আইনি প্রতিনিধি যে চিঠি পত্র আপনার কাছে পাঠাবেন তাতে উপরোক্ত সংস্থাগুলির লোগো থাকবে। আপনি নিজেও সরাসরি দেখতে পারবেন আপনার আইন উপদেষ্টা কোন কোন সংস্থার সাথে নিবন্ধিত।

বিনামূল্যে আইনি পরামর্শ

আপনি যদি লিগ্যাল অ্যাইড পাবার জন্য যোগ্য হন তবে অ্যাসাইলাম আবেদনকারী হিসাবে আপনি বিনামূল্যে আইনি পরামর্শ পেতে পারেন। স্ক্রিনিং সম্পূর্ণ শেষ হবার পরে আপনি অ্যাসাইলাম প্রার্থী হিসাবে গণ্য হবেন। আপনার লিগ্যাল অ্যাইড পাওয়ার জন্য যোগ্য হতে আপনাকে প্রমাণ করতে হবে যে আপনার উপার্জন কম এবং আপনার কেসের জয়ী হবার বাস্তব সম্ভাবনা রয়েছে।

লিগ্যাল অ্যাইড ইংল্যান্ড এবং ওয়েলস (Legal Aid England and Wales)

দি লিগ্যাল অ্যাইড এজেন্সি ওভারসিজ লিগ্যাল অ্যাইড (The Legal Aid Agency overseas Legal Aid)।

আইনি পরামর্শ দাতা খুঁজে পেতে:
ল সোসাইটি (Law Society): http://www.lawsociety.org.uk/find-a-solicitor/

ডিরেক্ট গভ (Direct Gov):
https://www.gov.uk/find-a-legal-adviser

ওআইএসসি- লেভেল 2 । লেভেল 3 (স্পেশালিষ্ট) OISC- Level 2 I level 3 (Specialist):
http://oisc.homeoffice.gov.uk/how_to_find_a_regulated_immigration_adviser

আপনি আরো যোগাযোগ করতে পারেন:

অ্যাসাইলাম অ্যাডভাইস ইউকে - 0808 8000 626
www.asylumhelpuk.org

লিগ্যাল অ্যাইড স্কটল্যান্ড
দি স্কটিশ লিগ্যাল অ্যাইড বোর্ড (The Scottish Legal Aid Board)। লিগ্যাল অ্যাইড সম্পর্কে আরও তথ্য পাওয়া যেতে পারে: 0845 122 8686 নম্বরে

আইনি পরামর্শ দাতা খুঁজে পেতে:
স্কটিশ লিগ্যাল অ্যাইড বোর্ড (Scottish Legal Aid Board):
http://www.slab.org.uk/public/solicitor-finder/#register

ওআইএসসি (OISC):
http://oisc.homeoffice.gov.uk/how_to_find_a_regulated_immigration_adviser

দি ল সোসাইটি অফ স্কটল্যান্ড (The Law Society of Scotland):
0131 226 7411 I www.lawscot.org.uk

নর্দার্ন আয়ারল্যান্ড-এ লিগ্যাল অ্যাইড (Legal Aid in Northern Ireland)
নর্দার্ন আয়ারল্যান্ড লিগ্যাল সার্ভিসেস কমিশন (The Northern Ireland Legal Services Commission) নর্দার্ন আয়ারল্যান্ড-এ লিগ্যাল অ্যাইড পরিচালনা করে।

আইনি প্রতিনিধি পেতে:
নর্দার্ন আয়ারল্যান্ড লিগ্যাল সার্ভিসেস কমিশন (Northern Ireland Legal Services Commission)
http://www.nilsc.org.uk/solicitors.asp?on=solicitors

ল সোসাইটি অব নর্দার্ন আয়ারল্যান্ড (Law Society of Northern Ireland):
http://www.lawsoc-ni.org/solicitors-directory/how-to-use-the-solicitors-directory

ওআইএসসি (OISC):
http://oisc.homeoffice.gov.uk/how_to_find_a_regulated_immigration_adviser

আপনি ইংল্যান্ড, ওয়েলস, নর্দার্ন আয়ারল্যান্ড বা স্কটল্যান্ড যেখানেই থাকুন না কেন আরও যোগাযোগ করতে পারবেন: অ্যাসাইলাম অ্যাডভাইস ইউকে - 0808 8000 626 www.asylumhelpuk.org

2.15 খারাপ আইনি পরামর্শ সম্পর্কে অভিযোগ কীভাবে করবেন:

আপনি যদি মনে করেন আপনি খারাপ আইনি পরামর্শ পেয়েছেন তবে আপনার অভিযোগ করার অধিকার আছে। যারা আপনার কেস দেখছে ঐ ফার্মের বিরুদ্ধে আপনি প্রথমে একটি লিখিত অভিযোগ করতে হবে। আপনাকে নিম্নোক্ত জিনিসগুলি সংগে দিতে হবে:

- আপনার নাম এবং সম্পূর্ণ ঠিকানা;
- আপনার অভিযোগের সম্পূর্ণ বিবরণ (সময়, তারিখ এবং স্থানসহ);
- কোন সাক্ষী থাকলে তার বিবরণ (প্রাসঙ্গিক হলে);
- প্রাসঙ্গিক চিঠি অথবা কাগজের প্রতিলিপি;
- আপনার কেসের রেফারেন্স নম্বর;

আপনি প্রথমবার আপনার লিগ্যাল অ্যাডভাইজর-এর কাছে যাবার পরে তাদের আপনাকে একটি ক্লায়েন্ট কেয়ার লেটার দেয়ার কথা। ঐ চিঠিতে তারা নিশ্চিত করবে তারা আপনার জন্য কী করবে এবং তাদের অভিযোগ পদ্ধতি কী। আপনার অভিযোগ অনুসন্ধান করতে কত সময় লাগবে এতে তাও নিশ্চিত করা থাকবে।

2.16 পরিস্থিতিতে পরিবর্তন

আপনার এবং আপনার ডিপেন্ডেন্টদের পরিস্থিতির যে কোন ধরনের পরিবর্তন হলে আপনি অবশ্যই তা হোম অফিসকে জানাবেন।

এর মধ্যে রয়েছে:

- আপনার নামের পরিবর্তন হলে
- এর আগে জানানো হয়নি এমন কোন অর্থ পেলে বা অর্জন করলে
- কোন কিছু বিক্রয় করে অর্থ পেলে বা অর্জন করলে
- ঠিকানা পরিবর্তন করলে
- বিবাহ করলে, তালাক দিলে বা সঙ্গী থেকে আলাদা হয়ে গেলে
- সিভিল পার্টনারশিপ গঠন করলে বা আপনার সঙ্গীর সাথে থাকা শুরু করার সিদ্ধান্ত নিলে

- হাসপাতালে ভর্তি হলে
- আপনি (কিংবা আপনার সঙ্গী) সন্তান সম্ভবা হলে বা সন্তান জন্ম দিলে
- আপনার কোন সন্তান স্কুল ছেড়ে দিলে বা ঘর ছাড়লে
- পরিবারের কোন সদস্য ইউকে-তে আপনার কাছে এলে বা কাছ থেকে চলে গেলে
- কেউ আপনার বাসস্থানে থাকতে এলে বা চলে গেলে
- কারাগারে গেলে
- কাজ শুরু করলে বা ছেড়ে দিলে
- গর্ভাবস্থা
- বাসস্থান ও শুধুমাত্র আর্থিক থেকে আর্থিক সহায়তা গ্রহণে পরিবর্তন হলে এবং এর বিপরীতভাবে।

এটা খুব জরুরী যে কোনো পরিস্থিতির পরিবর্তন হলে আপনি হোম অফিস কে জানাবেন কারণ এতে আপনার সাহায্য প্রাপ্যতার উপর প্রভাব রাখতে পারে।

আপনার পরিস্থিতির যে কোনো পরিবর্তন হলে অ্যাসাইলাম হেল্প আপনাকে হোম অফিসকে জানাতে সাহায্য করবে। দয়া করে যোগাযোগ করুন:

অ্যাসাইলাম সাপোর্ট অ্যাপ্লিকেশন ইউকে – 0808 8000 627
www.asylumhelpuk.org

এটা গুরুত্বপূর্ণ যে আপনি আপনার আইনি প্রতিনিধি এবং / অথবা হোম অফিসের ইমিগ্রেশন অংশকে আপনার পরিস্থিতির যে কোন পরিবর্তন সম্পর্কেও অবহিত করবেন।

2.17 স্বাস্থ্য সেবা

আপনি ক্লেইম বা আপিল চলাকালীন সময় ন্যাশনাল হেলথ সার্ভিস (এনএইচএস) (National Health Service (NHS))-এর পরিষেবা বিনা খরচে পাবার যোগ্যতা রাখেন। যদি আপনাকে প্রাথমিক বাসস্থানে রাখা হয়, তবে আপনার বাসস্থানে আগমনের পর আপনাকে একটি স্বাস্থ্য স্ক্রিনিং এর জন্য বলা হবে।.

যদি আপনি প্রাথমিক বাসস্থানে না থাকেন বা পাঠানো না হয়ে থাকে, তবে যত দ্রুত সম্ভব একজন ডাক্তার, যাদেরকে জেনারেল প্র্যাকটিশনার (জিপি) বলা হয়, তাদের সাথে রেজিস্টার করবেন, যেন আপনি প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা পেতে পারেন। রেজিস্টারের কাছে আপনার নাম, জন্ম তারিখ, ঠিকানা এবং টেলিফোন নম্বর যদি থাকে দিতে হবে, আপনাকে একটি নতুন পেশেন্ট রেকর্ড চেকও পূরণ করতে হবে। আপনাকে হয়তোবা আপনার এআরসি দেখানোর প্রয়োজনও হতে পারে এটা প্রমাণ করার জন্য যে আপনি একজন আশ্রয়প্রার্থী এবং আপনার বিনামূল্যের স্বাস্থ্য সেবা পাবার অধিকার আছে।

যদি আপনি ইমিগ্রেশন অ্যান্ড অ্যাসাইলাম অ্যাক্ট এর সেকশন 95-এর অধীনে সহায়তা

পান তবে আপনার একটি হেলথ ফর্ম পাবার কথা যা HC2 সার্টিফিকেট নামে পরিচিত। এটা হয় আপনাকে প্রাথমিক বাসস্থানে বা আপনার দীর্ঘ মেয়াদি বাসস্থানে আসার 18 দিন পরে তথ্যের অংশ হিসাবে দেয়া হবে। আপনি যদি হোম অফিসের সহায়তা না পান তবে HC1 ফর্ম পাবেন। এর বিস্তারিত বিবরণ একজন জিপি বা ডিপার্টমেন্ট অফ ওয়ার্ক অ্যান্ড পেনশনস (Department of Work and Pensions) থেকে পেতে পারেন। HC2 সার্টিফিকেট সাধারণত ছয় মাসের জন্য কার্যকরী থাকে। একটি HC2 সার্টিফিকেট নবায়ন করার জন্য আপনাকে একটি নতুন HC1 ফর্ম পূরণ করতে হবে। নিম্নলিখিত লিংকের মাধ্যমে এটা অনুরোধ করা যেতে পারে: www.nhsbsa.nhs.uk/HealthCosts/1128.aspx। আপনি এটা জব সেন্টার, ডেন্টিস্ট, অপ্টিশিয়ান এবং ফার্মেসি থেকেও সংগ্রহ করতে পারেন।

একটি HC2 সার্টিফিকেট আপনাকে যা যা পাওয়ার অধিকার দিবে:

- এনএইচএস প্রেসক্রিপশন (স্কটল্যান্ড এবং ওয়েলস বাসিদের জন্য বিনা খরচে)
- এনএইচএস দন্ত চিকিৎসা (নন কসমেটিক)
- দৃষ্টি (চোখ) পরীক্ষা
- চশমা বা কন্টাক্ট লেন্স (চোখের ডাক্তার নিশ্চিত করবেন সর্বোচ্চ কতো দামী আপনি পেতে পারেন)
- একজন কনসালট্যান্টের অধীনে চিকিৎসা গ্রহণের জন্য এনএইচএস-এ যাওয়ার প্রয়োজনীয় ভ্রমণ খরচ
- এনএইচএস উইগস (পরচুলা) এবং ফেব্রিক সহায়তা- উদাহরণস্বরূপ মেরুদণ্ডে বা পেটের সাপোর্ট বা সার্জিক্যাল ব্রেসিয়ার যেগুলি হসপিটাল থেকে দেয়া হয় (স্কটল্যান্ড এবং ওয়েলস বাসিদের জন্য বিনা মূল্যে)

আপনি যদি মনে করেন যে আপনার টিউবারকিউলোসিস (TB) বা অন্য কোন সংক্রামক অসুখ হয়েছে তবে অবিলম্বে মেডিক্যাল সহায়তা নেবেন। যদি আপনি স্কটল্যান্ড-এ অবস্থিত প্রাথমিক বাসস্থানে থাকেন তবে আপনি আপনার জিপি-এর বিবরণ প্রাথমিক বাসস্থান ছাড়ার আগে পাবেন। স্কটল্যান্ড-এ, আশ্রয়প্রার্থীদের ক্ষেত্রে তাদের একটি চলমান রাজনৈতিক আশ্রয়ের আবেদন থাকুক আর নাই থাকুক তারা এনএইচএস পরিষেবা অ্যাক্সেস করতে পারবে যতদিন তারা ইউকে-তে থাকবেন।

2.18 মাতৃত্বকালীন পেমেন্ট

একটি একক, এককালীন মাতৃত্বকালীন পেমেন্ট হিসাবে £300 করে অ্যাসাইলাম সাপোর্ট পাচ্ছেন এমন নতুন মায়েদের দেয়া হতে পারে একটি নতুন শিশুর জন্মের কারণে উদ্ভূত খরচ মেটাতে সাহায্য করার জন্য। এইজন্য লিখিত ভাবে একটি আবেদন করতে হবে যেটা কোন ভাবেই শিশুর জন্মের আট সপ্তাহের আগে বা শিশুর জন্মের ছয় সপ্তাহ পরে হতে পারবে না। আপনাকে অবশ্যই প্রত্যাশিত জন্মতারিখ (এমএটিবি1 (MATB1)) ফর্ম বা সন্তানের সম্পূর্ণ জন্মের সার্টিফিকেট প্রমাণ হিসাবে অন্তর্ভুক্ত করতে হবে। প্রতিটি সন্তানের জন্য £300 মূল্যমানের অর্থ প্রদান করার কথা, তাই যমজ সন্তান আশা করা হলে, £600 প্রদান করা হবে। যদি আপনি সেকশন 4 সাপোর্ট পেতে থাকেন, তবে £250-এর জন্য

অনুরোধ করবেন যা কোন ভাবেই শিশুর জন্মের আট সপ্তাহের আগে বা শিশুর জন্মের ছয় সপ্তাহ পরে হতে পারবে না।

সকল নারীরা যারা অ্যাসাইলাম সাপোর্ট পাচ্ছেন এবং যারা গর্ভবতী বা যাদের তিন বছরের কম বয়সী সন্তান আছে তাদের অতিরিক্ত অর্থ পাওয়ার অধিকার আছে। এক বছরের কম বয়সী শিশুরা অতিরিক্ত £5 করে প্রতি সপ্তাহে পাবে। গর্ভবতী মহিলা এবং এক থেকে তিন বছর বয়সী শিশুরা তাদের মূল অ্যাসাইলাম সাপোর্ট হিসাবে নগদ পেমেন্টের উপরে অতিরিক্ত £3 করে পাবার অধিকার রাখে।

2.19 গার্হস্থ্য নির্যাতন

গার্হস্থ্য নির্যাতন হচ্ছে হুমকিস্বরূপ আচরণ, সহিংসতা বা নির্যাতনের যে কোন একটি ঘটনা যা সংঘটিত হয় প্রাপ্তবয়স্কদের মধ্যে যাদের মধ্যে একটি সম্পর্ক আছে বা ছিল, পরিবারের সদস্যদের মধ্যে, বা অন্যান্য মানুষদের মধ্যে যারা লিঙ্গ বা যৌনতা নির্বিশেষে একই বাসায়/বাসস্থানে বসবাস করে।

গার্হস্থ্য নির্যাতন যে কোন সময়ে যে কোন কাউকে প্রভাবিত করতে পারে। এর দ্বারা পুরুষ এবং মহিলারা উভয়েই প্রভাবিত হতে পারেন, তারা কাদের সাথে বসবাস করছেন এবং সেই ব্যক্তির সঙ্গে তাদের কী সম্পর্ক সেটা নির্বিশেষে। যদি আপনাকে এই আচরণের সঙ্গে বাস করতে হয়, হয় সেটার শিকার হিসাবে বা সাক্ষী হিসাবে, সেক্ষেত্রে এটা বুঝতে পারাটা গুরুত্বপূর্ণ যে আপনি সাহায্য চাইতে পারেন। ইমিগ্রেশন পরিস্থিতি নির্বিশেষে গার্হস্থ্য নির্যাতন থেকে প্রত্যেকেরই নিরাপত্তা লাভের অধিকার আছে।

আপনি নির্যাতনের ব্যাপারে রিপোর্ট করতে পারেন: জাতীয় গার্হস্থ্য সহিংসতা (national domestic violence) 24 ঘন্টা টেলিফোন হেল্পলাইন (0808 2000 247 – কল চার্জ মুক্ত), পুলিশ, আপনার ডাক্তার, হেলথ ভিজিটর, শরণার্থী বিষয়ক সংস্থা, স্থানীয় সাপোর্ট গ্রুপের কাছে। আপনি একজন নারী কর্মী এবং/অথবা একজন মহিলা দোভাষীর সংগে কথা বলার জন্য অনুরোধ করতে পারেন যদি আপনি সেটা পছন্দ করেন। আপনি যে তথ্য দেবেন তা গোপন রাখা হবে।

2.20 স্বেচ্ছা প্রত্যাবর্তন

আপনার পরিস্থিতির পরিবর্তনের কারণে স্ক্রিনিং-এর পরে যদি আপনি বাড়ি ফিরে যেতে চান, এবং আপনি আপনার অ্যাসাইলাম ক্লেইম নিয়ে আর এগুতে না চান, তবে আপনি হোম অফিস পরিচালিত অ্যাসিস্টেড ভলান্টারী রিটার্ন (Assisted Voluntary Return) প্রোগ্রামের সাথে যোগাযোগ করতে পারেন। আরও অধিক তথ্যের জন্য ভিজিট করুন:

https://www.gov.uk/return-home-voluntarily

আপনি যদি অ্যাসাইলাম ক্লেইম না করার সিদ্ধান্ত নেন, এবং একজন অনিয়মিত অধিবাসী হন (যার ইউকে-তে বসবাস করার কোন আইনগত অধিকার নেই), কিন্তু দেশে ফিরে যেতে চান, সেক্ষেত্রে আপনি হোম অফিস পরিচালিত অ্যাসিস্টেড ভলান্টারী রিটার্ন প্রোগ্রাম থেকে সাহায্য এবং সহায়তা পেতে পারেন। আরও অধিক তথ্যের জন্য ভিজিট করুন:

www.gov.uk/return-home-voluntarily
ভলান্টারী ডিপার্চার্স টিম: 0300 004 0202

2.21 এর পরে কী হবে?

স্ক্রিনিং-এর পরে প্রকৃত ইন্টারভিউ-এর ব্যবস্থা করা হবে। এটা গুরুত্বপূর্ণ যে এর আগের ধাপে একজন সলিসিটর খুঁজে বের করা যারা আপনার অ্যাসাইলাম ইন্টারভিউ-এর আগে আপনার সমস্ত কাগজ পত্র অনুবাদ করে জমা দিয়ে দেবে। দয়া করে প্রকৃত ইন্টারভিউ-এর পূর্বে বিস্তারিত দেখুন।

অ্যাসাইলাম হেল্প এর বিরুদ্ধে অভিযোগ করা
মাইগ্রেন্ট হেল্পস (Migrant Help's)-এর পরিষেবা গ্রহণ করছেন এমন যে কোন ব্যক্তি অভিযোগ করতে পারেন। যদি আপনি আমাদের পরিষেবাতে কোন সমস্যা পান তবে, আপনি যে বিষয়গুলি করতে পারেন তা হচ্ছে:

বিষয় গুলি ঘটার সাথে সাথে আমাদের কর্মী বা স্বেচ্ছাসেবকদের কাছে তুলে ধরুন। যদি অভিযোগের অনানুষ্ঠানিক সমাধান আপনার মনঃপুত না হয় তবে আপনি লিখিত অভিযোগ করতে পারেন একটি কমপ্লেইন্ট ফর্ম (Complaint Form) ব্যবহার করে। আপনি এটা করতে পারেন অ্যাসাইলাম অ্যাডভাইস ইউকে-তে কল করে: 0808 8000 626 বা ফর্মটি ডাউনলোড করতে পারেন ওয়েব সাইট থেকে - www.asylumhelpuk.org

আপনি যে পরিষেবার বিরুদ্ধে অভিযোগ করতে চান আপনাকে সেই অভিযোগের বিষয়ে সার্ভিস ম্যানেজারকে জানাতে হবে। অভিযোগটি ইংরেজিতে লিখিত হতে হবে এমন নয়। আপনি আপনার নিজের ভাষায় লিখতে পারবেন এবং অ্যাসাইলাম হেল্প এটি অনুবাদ করে নেবে। ম্যানেজার আপনার অভিযোগটি তদন্ত করে দেখবেন এবং একটি উত্তর প্রদান করবেন। আমরা যদি দ্রুত কোন সন্তোষজনক উত্তর দিতে না পারি, তবে আমরা লিখিত উত্তর পাঠাব 10 কার্য দিবসের মধ্যে যাতে কী কী সংশোধনী পদক্ষেপ নেয়া হয়েছে তা জানিয়ে দেয়া হবে।

আপনি অভিযোগের ফলাফলে যদি সন্তুষ্ট না হন, তবে এই বিষয়ে কমপ্লেইন্টস অফিসার (Complaints Officer) মাইগ্রেন্ট হেল্প, চার্লটন হাউস, ডোভার, CT16 1AT (Migrant Help, Charlton House, Dover CT16 1AT) এর সাথে যোগাযোগ করতে পারেন। এরপরেও যদি আপনি এই ফলাফলে অসন্তুষ্ট হন, অভিযোগ সমাধান করার ব্যর্থতা রেকর্ড করা হবে এবং আমরা আপনাকে অন্যান্য সম্ভাব্য সংস্থার কথা জানাব যেখানে আপনি অভিযোগ করতে পারবেন।

এই অধ্যায়ের যে কোন বিষয়ে আরও বেশি জানতে দয়া করে অ্যাসাইলাম হেল্প-এর সাথে যোগাযোগ করুন।

www.asylumhelpuk.org
অ্যাসাইলাম অ্যাডভাইস ইউকে **0808 8000 626**
অ্যাসাইলাম সাপোর্ট অ্যাপ্লিকেশন ইউকে **0808 8000 627**